# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১১৫৬০১১/যশোর-১২/২৭৪

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২
০২ ডিসেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন উত্তর চাঁদপুর হামিদিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রস্তাবিত গভার্ণিং বডি গঠনে আইন কানুন না মেনে নিজের পছন্দের লোক নিয়ে পকেট কমিটি গঠন করেছেন মর্মে জনাব শাহজালাল অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

২.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১১৫৬০১১/যশোর-১২/

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২
০২ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, যশোর;
২. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, উত্তর চাঁদপুর হামিদিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-ছান্দড়া, বাঘারপাড়া, যশোর;
৫. জনাব শাহজালাল (অভিযোগকারী), সাং- উত্তর চাঁদপুর, ডাকঘর-ছান্দড়া, বাঘারপাড়া, যশোর;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০২.১২.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর

রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয় ঃ অনিয়মতান্ত্রিক ভাবে গভর্নিং বডি গঠন করায় তা অনুমোদন না করার আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি শাহজালাল, পিতা: রকিব উদ্দীন বিশ্বাস রতন, মাতা: ফাতেমা খাতুন, গ্রাম: উত্তর চাঁদপুর, ডাক: ছান্দড়া-৭৬২০, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর এর স্থায়ী বাসিন্দা। জাতীয় পরিচয়পত্র নং ৬৮৬৬৫৪৮৯৬৬। উত্তর চাঁদপুর হামিদিয়া আলিম মাদ্রাসা, বাঘারপাড়া, যশোর আমার পূর্ব-পুরুষের দানকরা সম্পিত্তির উপর অত্র মাদ্রাসটি প্রতিষ্ঠিত। আমার পিতা জনাব রকিব উদ্দীন বিশ্বাস রতন বিগত দিনে অত্র মাদ্রাসার দাতা সদস্য ছিলেন এবং সর্বশেষ গভর্নিং বডির সভাপতি ছিলেন। মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আবুবকর সিদ্দীক বিভিন্ন সময় বিভিন্ন অনিয়ম করে চলেছে। গভর্নিং বডি গঠনের সময় তিনি আইন-কানুন না মেনে নিজের পছন্দমত লোক নিয়ে পকেট কমিটি গঠন করে আপনার বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করেছে বলে জানতে পারি। কোন প্রকার প্রচার-প্রচারনা না চালিয়ে এলাকার কাউকে না জানিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনগড়া একটি পকেট কমিটি করে আপনার নিকট অনুমদোনের জন্য জমা দিয়েছে বলে এলাকাবাসী সূত্রে জানতে পেরেছি।

যেমন, অভিভাবক ভোটার তালিকা প্রনয়ণের ক্ষেত্রে ব্যাপক অনিয়ম করেছে। ভারপ্রাপ্ত অধ্যক্ষের মনোনিত ছয় জন সদস্য ব্যতিত অন্য কোন অভিভাবক সদস্যের নিকট মনোনয়ন পত্র বিক্রয় করা হয়নি।

মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব মোঃ মিজানুর রহমান ছুটিতে থাকা অবস্থায় অবৈধভাবে তাকে শিক্ষক প্রতিনিধি হিসাবে নির্বাচিত করেছে।

অবৈধভাবে কমিটি করায় মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আবুবকর সিদ্দীক এর নামে বিজ্ঞ সিভিল জজ আদালত, বাঘারপাড়া, যশোর এর আদালতে একজন অভিভাবক মামালা করেছিল যার মামলা নং দেঃ ১৬৫/২৫। যার ফলে আদালত নিশেধাজ্ঞা ও সমন জারি করেছেন। কপি সংযুক্ত।

মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আবুবকর সিদ্দীক অবৈধভাবে দায়িত্ব পালন করছে।

অতএব, মহোদয়ের নিকট আমাদের আবেদন এই যে, উপর্যুক্ত মাদ্রাসার গভর্নিং বডি অনিয়মতান্ত্রিক হওয়ায় কমিটি অনুমদোন না দেওয়ার জন্য আবেদন করছি।

বিনীত নিবেদক

এলাকাবাসীর পক্ষে
শাহজালাল
২০/১১/২০২৫

(শাহজালাল)

গ্রাম: উত্তর চাঁদপুর, ডাক: ছান্দড়া-৭৬২০,
উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর
মোবাইল ০১৭৪২৭৩১৫৫৯